JUL 06 2002
তারিখ ...
পৃষ্ঠা ১ কলাম ৬

দৈনিক ইনকিলাব

# আজ ছাত্রলীগের ঢাকা ভার্সিটি শাখার সম্মেলন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আজ (শনিবার) বাংলাদেশ ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন। ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে সকাল ১০টায় এ সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। দীর্ঘ প্রায় চার বছর পর এ সম্মেলনে ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটি গঠিত হবে। নির্বাচনের মাধ্যমে কেন্দ্রীয় কমিটি গঠনের ধারাবাহিকতায় ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সরাসরি ভোটে নেতৃত্ব নির্বাচন করা হোক– এটাই নেতা-কর্মীদের প্রত্যাশা। পদপ্রত্যাশীরা গতকাল ছিলেন শেষ মুহূর্তের লবিং-এ ব্যস্ত। সম্মেলনে আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দ এবং ছাত্রলীগের বর্তমান ও সাবেক নেতৃবৃন্দ উপস্থিত থাকবেন। ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপির

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

**ছাত্রলীগ সম্মেলন** প্রথম পৃষ্ঠার পর,

সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান বক্তা থাকবেন ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সাইফুজ্জামান শিখর।